

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-২ শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.১৮.৯২

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫

৩১ মে ২০১৮

বিষয়: সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহের ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্কে
অন্তর্ভুক্তকরণসহ তথ্য হালনাগাদকরণ।

সূত্র: এটুআই প্রোগ্রামের স্মারক নম্বর ০৩.০৮.০০০০.৮০১.২৯.০১৬.২০১৮-০৯৮০ তারিখ: ১১ মার্চ ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) বিশ্বের বৃহত্তম তথ্য বাতায়নগুলোর অন্যতম। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(৫) নির্দেশের আলোকে একটি সমন্বিত প্ল্যাটফরমে জাতীয় তথ্য বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরের জন্য ওয়েবসাইট তৈরি করা হয়েছে। এ তথ্য বাতায়নে মন্ত্রণালয় হতে মাঠ পর্যায়ের প্রায় ৪৩০০০ অফিসের ওয়েবসাইট অবস্থান করছে। মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই-এর উদ্যোগে তৈরিকৃত জাতীয় তথ্য বাতায়ন সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন এবং মাঠ পর্যায়ের সকল অফিসের সহায়তায় প্রতিনিয়ত তথ্য ও সেবায় সমৃদ্ধ হচ্ছে। জাতীয় তথ্য বাতায়ন তথ্য ও সেবার ক্ষেত্রে অনবদ্য অবদান রাখায় ২০১৫ সালে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা আইটিইউ (ITU)-এর 'WSIS Award'-এ ভূষিত হয়েছে। এছাড়াও Enterprise Architecture-এর জন্য ২০১৭ সালে 'The Open Group' হতে 'President Award' অর্জন করে।

২। জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে মে/২০১৮ মাসে সকল মন্ত্রণালয়/বিভাগ ও ১৩টি অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের (সিস্টেম এনালিস্ট/সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার) জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রশিক্ষণের আয়োজন করা হয়। এছাড়াও মাঠ পর্যায়ের সরকারি অফিসের কর্মকর্তাগণের প্রশিক্ষণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে সকল জেলায় ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট প্রেরণ করা হয়েছে।

৩। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে জাতীয় তথ্য বাতায়নের অধীন সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তরের তথ্য বাতায়নের বাংলা ও ইংরেজি তথ্যাদি হালনাগাদকরণ এবং যেসকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তরের বাতায়ন এখনও জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্কে স্থানান্তরিত হয়নি তাদের ওয়েবসাইট আগামী ৩০ জুন ২০১৮ এর মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩১-৫-২০১৮

মোছাঃ শিরিন সবনম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪৭১১৯৪৯৭

ইমেইল: eg_sec2@cabinet.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.১৮.৯২/১(৪)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫


৩১ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সচিব, সমন্বয় ও সংস্কার, মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৩১-৫-২০১৮

মোছাঃ শিরিন সবনম
সিনিয়র সহকারী সচিব